

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
নবাবগঞ্জ, দিনাজপুর ।

স্মারক নং-৩৩.০১.২৭৬৯.০০০.১৬.০০১.২০.

তারিখ-২৮/০৯/২০২৩ খ্রিঃ

## গণ বিজ্ঞপ্তি

নিয়মিত পিপিআর টিকা

সুস্থ ছাগল ভেড়ার সহায়িকা

প্রিয় এলাকাবাসী,

আসসালামু আলাইকুম। আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখ রোজ শনিবার থেকে ০৯ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রন প্রকল্পের আওতায় সারা দেশব্যাপী একযোগে পিপিআর রোগের গণটিকা প্রদান কার্যক্রম পরিচালিত হবে। সারাদেশ ব্যাপী পিপিআর রোগের গণটিকা প্রদান কার্যক্রম এর অংশ হিসেবে নবাবগঞ্জ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল এর আয়োজনে নবাবগঞ্জ এর প্রতিটি ইউনিয়নে একযোগে টিকা প্রদান কার্যক্রম অনুষ্ঠিত হবে। প্রতিদিন সকাল ৭.০০ টা থেকে টিকাদান কর্মসূচি পরিচালিত হবে। টিকা প্রদানের তারিখ-

- ৩০ সেপ্টেম্বর রোজ শনিবার প্রত্যেক ইউনিয়নের ০১ নং ওয়ার্ড।
- ০১ অক্টোবর রোজ রবিবার প্রত্যেক ইউনিয়নের ০২ নং ওয়ার্ড।
- ০২ অক্টোবর রোজ সোমবার প্রত্যেক ইউনিয়নের ০৩ নং ওয়ার্ড।
- ০৩ অক্টোবর রোজ মঙ্গলবার প্রত্যেক ইউনিয়নের ০৪ নং ওয়ার্ড।
- ০৪ অক্টোবর রোজ বুধবার প্রত্যেক ইউনিয়নের ০৫ নং ওয়ার্ড।
- ০৫ অক্টোবর রোজ বৃহস্পতিবার প্রত্যেক ইউনিয়নের ০৬ নং ওয়ার্ড।
- ০৬ অক্টোবর রোজ শুক্রবার প্রত্যেক ইউনিয়নের ০৭ নং ওয়ার্ড।
- ০৭ অক্টোবর রোজ শনিবার প্রত্যেক ইউনিয়নের ০৮ নং ওয়ার্ড।
- ০৮ অক্টোবর রোজ রবিবার প্রত্যেক ইউনিয়নের ০৯ নং ওয়ার্ড।
- ০৯ অক্টোবর রোজ সোমবার কোনো ওয়ার্ডে কোনো অংশ বাদ পরলে সেই অংশে।

প্রতিদিন সকাল ৭.০০ টা থেকে টিকাদান কর্মসূচি শুরু হবে এবং ওয়ার্ডের সকল ছাগল ও ভেড়াকে টিকা প্রদান নিশ্চিত না হওয়া পর্যন্ত চলমান থাকবে। আপনার ছাগল ও ভেড়াকে আপনার বাড়ির পার্শ্ববর্তী টিকাদান কেন্দ্রে নিয়ে আসার জন্য অনুরোধ করা হলো।

আদেশক্রমে



ডাঃ মোঃ আসাদুজ্জামান  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
নবাবগঞ্জ, দিনাজপুর।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর।
- ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৪। অফিস কপি।